

সংবাদ বিজ্ঞপ্তি

**ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে
নোবিপ্রবি উপাচার্যের শ্রদ্ধা নিবেদন**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য পদে দ্বিতীয় মেয়াদে নিযুক্ত অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। আজ বৃহস্পতিবার (১৭ আগস্ট ২০২৩) ধানমন্ডি ৩২ নম্বরে অবস্থিত জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন তিনি।

এসময় উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস. এম. মাহবুবুর রহমান, ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস এর পরিচালক অধ্যাপক ড. আনিসুজ্জামান রিমনসহ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ।

শ্রদ্ধা নিবেদন শেষে সংক্ষিপ্ত বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন ‘শোকের এই মাসে আমি স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি। একই সঙ্গে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ পনেরোই আগস্টের সকল শহীদ ও মহান স্বাধীনতা সংগ্রামের ৩০ লক্ষ শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করছি। জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। আধুনিক ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সবাইকে যার যার অবস্থান থেকে কাজ করতে হবে। জাতির পিতার আদর্শকে সম্মুখ রাখতে হবে। তবেই স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলা সম্ভব। জয় বাংলা-জয় বঙ্গবন্ধু।’

উল্লেখ্য, গত ১৩ আগস্ট ২০২৩ মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে ড. মোঃ দিদার-উল-আলম, অবসরপ্রাপ্ত অধ্যাপক, সয়েল, ওয়াটার এন্ড এনভায়রনমেন্ট বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-কে দ্বিতীয় মেয়াদে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগ প্রদান করা হয়।

R. Kaiser

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

